আজ ‘সা রে গা মা পা’র ফাইনাল, নোবেলের ভাগ্য পরীক্ষা

অবশেষে সব জল্পনার অবসান ঘটিয়ে আজ অনুষ্ঠিত হতে যাচ্ছে গানের রিয়্যালিটি ‘সা রে গা মা পা’র গ্র্যান্ড ফিনালে।

দুই বাংলায় জনপ্রিয় এই রিয়্যালিটি শো’র এবারের সিজনে রয়েছে বেশ কিছু চমক। একাধিক অংশগ্রহণকারীর গলা দুর্দান্ত, তাই প্রতিযোগিতাটাও বেশ কঠিন। আজই জানা যাবে কার মাথায় উঠছে মুকুট। এবারের প্রতিযোগিতায় রয়েছেন বাংলাদেশের নোবেল, পশ্চিমবঙ্গের গোবরডাঙার অঙ্কিতা ভট্টাচার্য, সুমন মজুমদার, নৈহাটির প্রীতম রায়, গৌরব সরকার, স্নিগ্ধজিৎ ভৌমিক ও প্রীতম রায়।

দুই বাংলা জুড়েই জনপ্রিয় বাংলাদেশের নোবেল। ইতোমধ্যে প্লেব্যাক করেছেন সৃজিত মুখোপাধ্যায় পরিচালিত ‘ভিঞ্চি দা’-তেও। এই মঞ্চে সবাই জিততেই এসেছেন। কিন্তু এটাও জানেন যেকোনও খেলাতেই জয় একজনের। কিন্তু আসল মঞ্চে জয়ী প্রত্যেকেই। প্রত্যেকে যেভাবে জনপ্রিয় হয়েছেন এই কয়েক মাসে, তা পুরস্কারেরও থেকেও অনেক বেশি।

টানা নয় মাস একসঙ্গে থাকা, খাওয়া, গান-বাজনা, রেওয়াজ সবটাই একটা অভ্যাসের মতো হয়ে গিয়েছিল। সেই দিন এবার শেষ হবে। প্রত্যেকেই নিজের নিজের কেরিয়ার গুছোতে ব্যস্ত হয়ে যাবে।

কিছুদিন আগেই বাংলাদেশের সংবাদমাধ্যমগুলো দাবি করে, নোবেল জয়ী হচ্ছেন না। তিনি তৃতীয় হচ্ছে এমন দাবিও করা হয়। যদিও নোবেল নিজে বা সা রে গা মা পা কর্তৃপক্ষ এমন কোনও দাবির কথা স্বীকার করেনি।

গত বছরের সেপ্টেম্বরে জি বাংলায় শুরু হয়েছিল ‘সা রে গা মা পা ২০১৮-১৯’ প্রতিযোগিতা। ভারতের নির্বাচিত ৪৮ জন প্রতিযোগী এতে অংশ নেয়।